

3 (Sem-1) BEN M 2

2 0 1 7

BENGALI

(Major)

Paper : 1.2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×১০=১০
- (ক) “কমলা-শিব-বিহি- দুলহ প্রেমধন
দান করয়ে জগজনে॥”
‘বিহি’ শব্দের অর্থ কী ?
- (খ) “দিঠি মোর পরশিতে ও হাসি অলখিতে
শেল রহল হৃদিমাঝে॥”
‘অলখিতে’ শব্দের গদ্যরূপ লেখো।
- (গ) “চির চন্দন উরে হার না দেলা।”
পদটির রচয়িতা কে ?
- (ঘ) “এ সখি হামারি দুখের নাহি ওর।”
এটি কোন্ পর্যায়ের পদ ?
- (ঙ) “রূপ লাগি আঁখি _____ গুণে মন ভোর।”
(শূন্যস্থান পূর্ণ করো)

8A/356

(Turn Over)

- (চ) “_____ পড়িলে সে বিদ্যারস পায় ॥”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (ছ) “প্রভু কহে সন্ধিকার্য নাহিক যাহার ।
কলিযুগে _____ পদবী তাহার ॥”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (জ) “প্রভু কহে বৈদ্য তুমি ইহা কেনে পড় ।”
উক্তিটি কার উদ্দেশ্যে করা হয়েছে ?
- (ঝ) “ললাটে শোভয়ে উর্ধ্ব তিলক সুন্দর ।
শিরে শ্রীচাঁচর কেশ সর্ব মনোহর ॥”
এখানে কার কথা বলা হয়েছে ?
- (ঞ) নবদ্বীপের কোন্ অধ্যাপককে সান্দীপনি মুনির সঙ্গে তুলনা করা হয়েছে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

- (ক) চৈতন্যের সঙ্গে গঙ্গাদাস পণ্ডিতের টোলে যাঁরা পড়তেন,
তাদের যে কোনো দুজনের নাম লেখো ।
- (খ) “এই মত অন্য-অন্যে দুই মহামতি ।
কৃষ্ণপ্রেমে না জানেন কোথা দিবারাতি ॥”
এই দুই মহামতির নাম কী ?
- (গ) শ্রীহটে জন্মগ্রহণ করেছেন এমন দুজন বৈষ্ণবের নাম
লেখো ।
- (ঘ) গদ্যরূপ নির্দেশ করো :
বাখানিতে; পেখলুঁ ।
- (ঙ) রূপানুরাগের শ্রেষ্ঠ পদকর্তা কে ? ইনি চৈতন্য-পূর্ববর্তী, না
পরবর্তী যুগের কবি ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- (ক) টীকা লেখো :
বৃন্দাবনদাস অথবা শচীদেবী
- (খ) চৈতন্য-পূর্ববর্তী বঙ্গদেশের ধর্ম-কর্মের সংক্ষিপ্ত পরিচয়
দাও ।
- (গ) “প্রভু বোলে তোরা মোরে না দিস পড়িতে ।
ভদ্রাভদ্র মূর্খ বিপ্র জানিব কেমতে ॥”
প্রসঙ্গ উল্লেখ-পূর্বক উদ্ধৃতাংশের বক্তব্য বিশদ করো ।
- (ঘ) পূর্বরাগ কাকে বলে ? পূর্বরাগ কতভাবে জাত হয়, লেখো ।
- (ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“জনম অবধি হাম রূপ নেহারলুঁ
নয়ন না তিরপিত ভেল ।
সোই মধুর বোল শ্রবণহি শুনলুঁ
শ্রুতিপথে পরশ না গেল ॥”

(চ) তাৎপর্য বিশদ করো :-

“চির চন্দন উরে হার না দেলা ।
সো অব নদী-গিরি আঁতর ভেলা ॥”

ক—গুচ্ছ এবং খ—গুচ্ছের প্রতিটি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের
উত্তর লেখো : ১০×৪=৪০

ক—গুচ্ছ

- ৪। (ক) ‘বৈষ্ণব পদাবলি’-র কাব্যগুণ পঠিত পদাবলি থেকে উদ্ধৃতি
সহযোগে আলোচনা করো ।

- (খ) মাথুর পর্যায়ে রাখার চরিত্র অঙ্কনে বৈষ্ণব পদকর্তাদের কৃতিত্ব পাঠ্যপদগুলো অবলম্বনে আলোচনা করো।
- (গ) অভিসারের সংজ্ঞা নির্দেশ করে এই পর্যায়ের পদরচনায় বৈষ্ণব পদকর্তাদের কৃতিত্ব আলোচনা করো।
- (ঘ) তোমার পঠিত জ্ঞানদাসের পদগুলো আলোচনা করে বৈষ্ণব পদসাহিত্যে তাঁর স্থান নির্দেশ করো।

খ—গুচ্ছ

- ৫। (ক) “বৃন্দাবনদাসের কবিদৃষ্টি তাঁর রচনাকে সুঠাম মানব-রসের সিঞ্চনে হৃদয় করে তুলেছে।” “চৈতন্যভাগবত”-এর পঠিত অংশ অবলম্বনে আলোচনা করো।
- (খ) “চৈতন্যের বাল্যজীবনের বর্ণনায় বৃন্দাবনদাস প্রায়ই অলৌকিক ঘটনারাজির আশ্রয় গ্রহণ করেছেন; এতে চৈতন্যের দেবত্ব প্রতিষ্ঠিত হলেও জীবনীকাব্য হিসেবে গ্রন্থের মান ক্ষুণ্ণ হয়েছে।” মন্তব্যটি সম্পর্কে তোমার অভিমত যুক্তিসহ উপস্থাপিত করো।
- (গ) “একালে যাকে আমরা বলি human interest, মানব-রস, ‘চৈতন্যভাগবত’-এ তার অভাব নেই। এখানেই এ কাব্যের শ্রেষ্ঠত্ব।” তোমার পঠিত অধ্যায়গুলো অবলম্বনে আলোচনা করো।
- (ঘ) “জীবনীকাব্য হলেও বৃন্দাবনদাস ‘চৈতন্যভাগবত’ গ্রন্থকে ভক্তিরসের আকরগ্রন্থ করে তুলেছেন।” মন্তব্যটির যথার্থতা প্রতিপন্ন করো।

★ ★ ★